



কোনো অপরাধীকে গ্রেফতারে ব্যর্থ হয়নি সরকার: স্বরাষ্ট্রমন্ত্রী



স্বরাষ্ট্রমন্ত্রী সালাউদ্দিন আহমেদ। ছবি: সংগৃহীত

সরকার এখন পর্যন্ত কোনো অপরাধীকে গ্রেফতারে ব্যর্থ হয়নি বলে মন্তব্য করেছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। তিনি বলেন, আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে রয়েছে এবং সব ঘটনায় যথাযথ ব্যবস্থা নেওয়া হচ্ছে।

মঙ্গলবার (২ জুন) দুপুরে সচিবালয়ে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এসব কথা বলেন।

তিনি জানান, রাজধানীর আদ-দ্বীন হাসপাতালে ছয় নবজাতকের মৃত্যুর ঘটনায় মামলা হয়েছে এবং বিষয়টি স্বাস্থ্য ও স্বরাষ্ট্র মন্ত্রণালয় গুরুত্বসহকারে দেখছে। এ ঘটনায় জড়িতদের গ্রেফতারে অভিযান চলছে।

সালাহউদ্দিন আহমদ আরও বলেন, রামিসা হত্যার বিচার প্রক্রিয়া চলমান রয়েছে এবং দ্রুত সময়ে বিচার সম্পন্ন হবে বলে সরকার আশা করছে।

সীমান্ত পরিস্থিতি নিয়ে তিনি বলেন, বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) সতর্ক অবস্থানে রয়েছে। সীমান্তের জিরো লাইনে কোনো হত্যাকাণ্ড ঘটলে সেটিকে সীমান্ত হত্যা হিসেবে বিবেচনা করা হয়। তবে নিজ এলাকায় সংঘটিত অপরাধ সীমান্ত হত্যার আওতায় পড়ে না।